

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২৮]

كتاب الاستسقاء) ४७/ वृष्टित जन्म पू'व्या (کتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ৬৫৪. বৃষ্টির জন্য দু'আর সময় কিবলামুখী হওয়া।

باب اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْإِسْتِسْقَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ، قَالَ أَخْبَرَنَا عَبْدُ الْوَهَّابِ، قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، قَالَ أَخْبَرَنِي أَبُو بَكْرِ بْنُ مُحَمَّدٍ، أَنَّ عَبَّادَ بْنَ تَمِيمٍ، أَخْبَرَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدِ الْأَنْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّ النَّبِيَّ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدٍ الْأَنْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَرَجَ إِلَى الْمُصلَلَّى يُصلِّي، وَأَنَّهُ لَمَّا دَعَا لَ أَوْ أَرَادَ أَنْ يَدْعُول لَا اللهُ عَلَيه وَلَا اللهُ عَلَيه وَلَا اللهُ عَلَيْهُ اللهُ عَلَيْهُ وَاللَّوْ اللهُ عَبْدِ اللَّهِ ابْنُ زَيْدٍ هَذَا مَازِنِيُّ، وَالأَوَّلُ كُوفِيٌّ هُوَ ابْنُ يَزِيدَ.

বাংলা

৯৭২। মুহাম্মদ (রহঃ) ... আবদুল্লাহ ইবনু যায়দ আনসারী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের জন্য ঈদগাহের উদ্দেশ্যে বের হলেন। তিনি যখন দু'আ করলেন অথবা দু'আ করার ইচ্ছা করলেন তখন কিবলামুখী হলেন এবং তাঁর চাঁদর উল্টিয়ে নিলেন।

ইমাম বুখারী (রহঃ) বলেন, এ (হাদীসের বর্ণনাকারী) আবদুল্লাহ ইবনু যায়দ তিনি মাযিন গোত্রীয়। আগের হাদীসের বর্ণনাকারী হলেন কুফী এবং তিনি ইবনু ইয়াযিদ।

English

Narrated `Abdullah bin Zaid Al-Ansari:

The Prophet (ﷺ) went out towards the Musalla in order to offer the Istisqa' prayer and when he intended to invoke (Allah) or started invoking, he faced the Qibla and turned his cloak inside out.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন